৮৭।

দৈনিক সংবাদ

তারিখ ০৭ NOV 1997
পৃষ্ঠা ৫ কলাম ১

## অধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতি ও অনিয়মের অভিযোগ

# চাঁপাইনবাবগঞ্জে ৩৬২ জন ছাত্রছাত্রী ডিগ্রি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি

।। শামসুল ইসলাম টুকু ।।

চাঁপাইনবাবগঞ্জ, ৬ই নভেম্বর।– চলতি ডিগ্রি পরীক্ষায় চাঁপাইনবাবগঞ্জ জেলার কৃষ্ণগোবিন্দপুর কলেজের ৩৬২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি।

উক্ত কলেজের অধ্যক্ষ ও সহযোগীদের ব্যাপক অনিয়ম ও দুর্নীতির কারণেই উল্লিখিত ডিগ্রি পরীক্ষার্থীদের মূল্যবান একটি বছর হাতছাড়া হয়ে গেল।

প্রকাশ, এ কলেজ থেকে ডিগ্রি পরীক্ষা দেবার জন্য ৩৬৬ জন ছাত্র ফরম ফিল-আপ করে। এদের মধ্যে ১৬৬ জন নিয়মিত এবং ২শ' জন অনিয়মিত ছাত্র ছিল। কলেজের অধ্যক্ষ ও সহযোগীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন উপেক্ষা করে উল্লিখিত ২শ' জন অনিয়মিত ছাত্রের রেজিস্ট্রেশন নেবার জন্য চেষ্টা চালাতে থাকেন। এজন্য প্রতিটি ছাত্রের কাছে ২১০ টাকা করে অতিরিক্ত অর্থ আদায় করা হয়। এদিকে ডিগ্রি পরীক্ষাও নিকটবর্তী হতে থাকে। অধ্যক্ষ সাহেব তার চেষ্টার ফলাফল প্রতিকূল বুঝতে পেরে পরীক্ষার দু'সপ্তাহ পূর্বে থেকে কলেজ অনির্ধারিতভাবে বন্ধ করে দেন। এদিকে পরীক্ষার্থীরা পাগলের মত অধ্যক্ষকে খুঁজতে থাকে।

অবশেষে গত ৩০শে অক্টোবর ডিগ্রি পরীক্ষার প্রথম দিনে পরীক্ষা শুরু হবার মাত্র আধ ঘণ্টা পূর্বে ১৬৬ জন নিয়মিত পরীক্ষার্থীর প্রবেশপত্র চাঁপাইনবাবগঞ্জ সরকারি কলেজ কেন্দ্রে নিয়ে এসে বিতরণ করার চেষ্টা নিলে অনিয়মিত ২০০ জন ডিগ্রি পরীক্ষার্থীর প্রতিবাদের মুখে মাত্র ৪ জন ছাড়া কেউই প্রবেশপত্র সংগ্রহ করতে পারেনি।

এসকল ছাত্র কলেজের গভর্নিং বডির চেয়ারম্যানের কাছে অধ্যক্ষ ও উপাধ্যক্ষের দুর্নীতির বিচার চেয়ে স্মারকলিপি দিয়েছে এবং চাঁপাইনবাবগঞ্জ প্রেসক্লাবে সাংবাদিকদের নিকট তাদের লিখিত অভিযোগ পেশ করে।

উল্লেখ্য, ইতোপূর্বেও কলেজের অধ্যক্ষের ব্যাপক দুর্নীতির সংবাদ দৈনিক 'সংবাদ' সহ বিভিন্ন পত্রপত্রিকায় প্রকাশিত হয়। শিক্ষা বিভাগের অডিট টীম এ সকল দুর্নীতির কারণে কলেজের শিক্ষকদের বেতনসহ সব ধরনের অনুদান বন্ধের সুপারিশ করলে বেতন বন্ধ হয়ে যায়। কিন্তু রহস্যজনকভাবে পুনরায় তা চালু হয়ে যায়।